বাংলা নিউজলেটার

ভলিউম ১৭ - ইস্যু ৯ - সেপ্টেম্বর ২০২৬

জুলাই গণ-অভ্যুত্থান দিবস

জুলাই গণ-অভ্যুত্থান দিবস উপলক্ষে বক্তব্য রাখছেন কোতোয়ালী থানা প্রাথমিক শিক্ষা অফিসার আবু তুরাব মোহাম্মদ হাসান।

অগ্নি নির্বাপক মহড়া

শিক্ষার্থীদের সুরক্ষার বিষয়টি সর্বাধিক প্রাধান্য দিয়ে গত ১০ই আগস্ট, ২০২৬ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়ে গেল এক বিশেষ অগ্নি নির্বাপক মহড়া। মহড়াতে সার্বিক দিকনির্দেশনা প্রদান ও পরিচালনা করেন স্কুল কর্তৃপক্ষ। শিক্ষক ও শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মহড়াটি সফলভাবে সম্পন্ন হয়।

নজরুল বর্ষ উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে **নজরুল বর্ষ উপলক্ষে আয়োজিত 'দেশব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা'-এর প্রাথমিক বাছাই পর্ব** গত ১৬ আগস্ট ২০২৬ তারিখে আমাদের স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। এ পর্বে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীরা চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সৃজনশীলতায় প্রতিযোগিতাটি প্রাণবন্ত হয়ে ওঠে।

STEM অলিম্পিয়াডে সিজিএস এনসি শিক্ষার্থীদের অর্জন

সাইডার ইন্টারন্যাশনাল স্কুলে অনুষ্ঠিত *STEM* অলিম্পিয়াডে অসাধারণ সাফল্য অর্জন করেছে আমাদের শিক্ষার্থীরা। অষ্টম শ্রেণির শিক্ষার্থী **সেহেমিন সুবা** (বামে) নিজ বিভাগে প্রথম স্থান এবং সপ্তম শ্রেণির শিক্ষার্থী **পূর্বা চৌধুরী** (ডানে) নিজ বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করে বিদ্যালয়ের জন্য গৌরব বয়ে এনেছে। তাদের এই কৃতিত্বে আমরা অত্যন্ত আনন্দিত ও গর্বিত।

RSIC 2026-এ আমাদের শিক্ষার্থীদের অংশগ্রহণ

এসএসসি ব্যাচ ২০২৬-এর শিক্ষার্থী (বাম পাশ থেকে) ফাতেমা বিনতে আসাদ, নওশিন নাঈম ও উনাইজা পারভেজ অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠিতব্য *Round Square International Conference (RSIC 2026)*-এ আমাদের প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করবে। ২৭ সেপ্টেম্বর–৩ অক্টোবর *Barker College* আয়োজিত এই সম্মেলনে তারা ২২ সদস্যের আন্তর্জাতিক শিক্ষার্থী-দলের অংশ হিসেবে অংশ নেবে। তাঁদের সঙ্গে শ্যাপেরন হিসেবে দায়িত্ব পালন করবেন জনাব জিয়া গোলাম মহিউদ্দিন, মিস মৌসুমী ও মিস সাবিনা।

তাদের জন্য রইল আন্তরিক শুভকামনা ও সাফল্যের প্রত্যাশা।

নব্য পাঠক দশম শ্রেণির শিক্ষার্থী আলাফ রউফের সাথে একান্ত সাক্ষাৎকার:

প্রশ্ন: বাংলা সাহিত্য পড়তে ভালো লাগে কেন?
আলাফ: বাংলা আমার মায়ের ভাষা। মাতৃভাষায় নিজের অনুভূতি ও চিন্তা সহজে প্রকাশ করা যায়। কবিতা, গল্প ও উপন্যাস পড়তে আমার ভালো লাগে এবং এতে মানসিক শান্তি পাই।

প্রশ্ন: গল্প না উপন্যাস—কোনটি বেশি পছন্দ?
আলাফ: গল্প বেশি পছন্দ। গল্পের চরিত্র ও ঘটনাগুলোর সঙ্গে সহজেই নিজেকে সম্পৃক্ত করা যায়।

প্রশ্ন: প্রিয় লেখক কে?
আলাফ: হুমায়ূন আহমেদ। তাঁর সহজ ভাষা, অসাধারণ গল্প বলার শৈলী ও চরিত্রচিত্রণ আমাকে মুগ্ধ করে।

প্রশ্ন: ভবিষ্যতে কী হতে চাও?
আলাফ: ডাক্তার হয়ে অসুস্থ ও অসহায় মানুষের সেবা করতে চাই। পাশাপাশি দেশ-বিদেশ ঘুরে নতুন সংস্কৃতির সঙ্গে পরিচিত হতে চাই।

সাক্ষাৎকার গ্রহণে
শাহনাজ পারভীন

প্রধান শিক্ষকের বাণী

প্রিয় অভিভাবকমণ্ডলী,

বর্তমান প্রযুক্তির যুগে সামাজিক যোগাযোগমাধ্যম, বিশেষ করে ইনস্টাগ্রাম, আমাদের শিক্ষার্থীদের জীবনে ব্যাপক প্রভাব ফেলছে। লাইক, ফলোয়ার ও অনলাইন জনপ্রিয়তার প্রতিযোগিতায় অনেকেই সাইবার বুলিং, অনলাইন বিরোধ ও মানসিক চাপের মতো সমস্যায় জড়িয়ে পড়ছে। এর প্রভাব তাদের পড়াশোনা, সামাজিক সম্পর্ক ও স্বাভাবিক মানসিক বিকাশেও পড়ছে।

এ থেকে সন্তানদের রক্ষা করতে আমাদের সম্মিলিত উদ্যোগ প্রয়োজন। সন্তানদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলুন, যাতে তারা অনলাইন সমস্যাগুলো নির্ভয়ে জানাতে পারে। লাইক বা ফলোয়ারের সংখ্যা যে সাফল্যের মাপকাঠি নয়, তা বোঝান। স্ক্রিন টাইম নিয়ন্ত্রণের পাশাপাশি খেলাধুলা, বই পড়া ও সৃজনশীল কাজে উৎসাহিত করুন। একই সঙ্গে স্কুলে সাইবার নিরাপত্তা ও সচেতনতা নিয়ে নিয়মিত আলোচনা জরুরি।

আসুন, সবাই মিলে শিক্ষার্থীদের জন্য একটি সুস্থ, সুন্দর ও নিরাপদ ভবিষ্যৎ নিশ্চিত করি।

তহসিন খান
প্রধান শিক্ষক
সিজিএস এনসি

সেপ্টেম্বর মাসের বিশেষ দিন

১লা ও ২রা সেপ্টেম্বর
রোবো ফেস্ট বুথ ক্যাম্প

১১ সেপ্টেম্বর
রোবো ফেস্ট বাংলাদেশ

২১ সেপ্টেম্বর
আন্তর্জাতিক কৃতজ্ঞতা দিবস